





মহেশখালী পানের বরজ ও লবণ চাষ



মহেশখালী চ্যানেল



বাটিখালী সেতু

চকরিয়া, কক্ষবাজার

শুভ উদ্ঘোষণ



সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখ : ০৫ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ

পটভূমি



বিশ্বের একটানা দীর্ঘতম বালুকাময় নান্দনিক সমূদ্র সৈকত সমৃহিত আকর্ষণীয় পর্যটন অঞ্চল কক্সবাজারের মহেশখালী উপজেলা হতে চকরিয়া উপজেলা সদরের দূরত্ব ৪৫ কিলোমিটার। কক্সবাজার সড়ক বিভাগের আওতাধীন এ মহাসড়কে ১৭ কিলোমিটার দীর্ঘ চকরিয়া-বদরখালী একটি গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক। এ আঞ্চলিক মহাসড়কের ২য় কিলোমিটারে মাতামুহূরী নদীর উপর একটি কনক্রিট সেতুর অভাবে ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক সংলগ্ন চকরিয়া উপজেলা সদরের সাথে মহেশখালী উপজেলার উন্নত যোগাযোগ ব্যবস্থা ছিল না। অতি পুরাতন একটি বেইলী সেতুর মাধ্যমে সংযোগ রক্ষা করা হচ্ছিল।

২০০৬ সালে রক্ষণাবেক্ষণ উপ-খাত হতে সড়কের ২য় কিলোমিটারে মাতামুহূরী নদীর উপর ১৭০.৭৮ মিটার দীর্ঘ বাটাখালী সেতু নির্মাণের কাজ শুরু হয়। কিন্তু মাত্র ২.০০ কোটি টাকার কাজ সম্পন্ন করে অবশিষ্ট নির্মাণ কাজ বন্ধ রাখা হয়। ২০০৯ সালে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর জনগুরুত্ব বিবেচনায় ৪৮ টি অসমাপ্ত সেতু সমাপ্তকরণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়। এ সেতুটি উক্ত প্রকল্পে অন্তর্ভুক্ত একটি উপ-প্রকল্প। টেকারে উপযুক্ত প্রতিঠান অংশগ্রহণ না করায় সরকারের সদিচ্ছা সত্ত্বেও নির্মাণ কাজে কিছুটা বিলম্ব ঘটে। অবশেষে গত ৩০ জুন ২০১৫ তারিখে সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হয়।

বাটাখালী সেতু নির্মাণের ফলে মহেশখালী উপজেলার জনসাধারণের জন্য চকরিয়া হয়ে চট্টগ্রাম-কক্সবাজার জাতীয় মহাসড়কে প্রবেশের উন্নত সংযোগ সৃষ্টি হয়েছে। অন্যদিকে ভ্রমণ পিপাসু দেশী-বিদেশী পর্যটকদের যাতায়াতের ক্ষেত্রেও নবনির্মিত বাটাখালী সেতুটি বিশেষ ভূমিকা পালন করবে। এছাড়া মহেশখালী এলাকায় উৎপাদিত লবণ, মৎস্য, পান ও শুটকি মাছ ইত্যাদি কৃষিজাত পণ্য পরিবহনের সহজ সুযোগ সৃষ্টি হয়েছে।



বেইলী সেতু



নির্মাণ কালের ছবি



নবনির্মিত বাটাখালী সেতু

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: সড়ক নেটওয়ার্কে অন্তর্ভুক্ত সেতু সমূহের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প
উপ-প্রকল্পের নাম	: চকরিয়া-বদরখালী সড়কের ২য় কিলোমিটারে মাতামুহূরী নদীর উপর ১৭০.৭৮ মিটার দীর্ঘ বাটাখালী সেতু নির্মাণ
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাস্তবায়নকারী	: সড়ক ও জনপথ অধিধপ্তর
প্রকল্প ব্যয়	: ৩০৬.৩৩ কোটি টাকা
অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

একনজরে বাটাখালী সেতু

সেতুর অবস্থান	: চকরিয়া-বদরখালী আঞ্চলিক মহাসড়কের ২য় কিলোমিটারে মাতামুহূরী নদীর উপর
সমাপ্তির তারিখ	: ৩০ জুন ২০১৫
সেতুর নির্মাণ ব্যয়	: ১১.৯৫ কোটি টাকা
সেতুর দৈর্ঘ্য	: ১৭০.৭৮ মিটার
সেতুর প্রস্ত	: ১০.২৫ মিটার
সেতুর ধরণ	: প্রি-স্ট্রেসড কনক্রিট গার্ডার সেতু
স্প্যান সংখ্যা	: ০৫ টি
ভিত্তির ধরণ	: কাস্ট-ইন-সিটু আরসিসি পাইল
এ্যাবাটমেন্ট সংখ্যা	: ০২ টি
পিয়ার সংখ্যা	: ০৪ টি
গার্ডার সংখ্যা	: ২৫ টি
নেভিগেশন ক্লিয়ারেন্স	: ভার্টিক্যাল ২.০০ মিটার (সর্বোচ্চ বন্যা সীমার উপরে) হ্রাইজ্টল ৪১.০০ মিটার
এপ্রোচ সড়কের দৈর্ঘ্য	: ৩০২ মিটার চকরিয়া প্রান্তে ১৬৯ মিটার বদরখালী প্রান্তে ১৩৩ মিটার